

আরবিআই/২০০৯-১০/৫০৩

ডিপিএসএস.সিও.সিএইচডি.নং.২৮০৬/০৪.০৭.০৫/২০০৯-১০

জুন ২২, ২০১০

সভাপতি এবং পরিচালন অধিকর্তা / মুখ্য নিব্বাহী আধিকারিক
আরআরবিসহ সমস্ত তফসিলভুক্ত বাণিজ্যিক ব্যাঙ্ক/ শহরাঞ্চলিক সমবায় ব্যাঙ্ক/
রাজ্য সমবায় ব্যাঙ্ক / জেলা কেন্দ্রীয় সমবায় ব্যাঙ্ক

মহাশয়া / প্রিয় মহাশয়,

চেক ফর্ম নিরাপত্তা বৈশিষ্ট্যসমূহের পরিবর্তন ও প্রমিতকরণ

উপরোক্ত বিষয়ে আমাদের ফেরুয়ারি ২২, ২০১০ তারিখাঙ্কিত সাকুলার ডিপিএসএস.সিও.সিএইচডি.নং. ১৮৩২/০৪.০৭.০৫/২০০৯-১০-এর প্রতি, বিশেষ করে সংযোজনীর অনুচ্ছেদ সংখ্যা ১.৮-এর অন্তর্গত 'চেকে পরিবর্তন / সংশোধন নিষিদ্ধকরণ'-এর উপর আপনাদের দৃষ্টি আকর্ষণ করতে চাই।

আইনগত সিদ্ধতা, কার্যকরী করার তারিখ ইত্যাদির বিষয়ে স্পষ্টিকরণ চেয়ে কিছু অনুসন্ধান আমরা সাধারণ মানুষ এবং ব্যাঙ্কের থেকে পেয়েছি। আমরা স্পষ্ট করে দিতে চাই যে 'চেকে পরিবর্তন / সংশোধন নিষিদ্ধকরণ'-এর প্রস্তাব -

- I. ব্যাঙ্কগুলির সঙ্গে আলোচনাক্রমে চেকের ফর্মের প্রমিতকরণ ও এবং চেকের নিরাপত্তা সংক্রান্ত বৈশিষ্ট্যগুলির পরিবর্তনের প্রয়োজনীয়তা পরীক্ষা করে দেখার জন্য গঠিত অনুসন্ধান গোষ্ঠীর সুপারিশ অনুসারে প্রণীত;
- II. চেকের বিভিন্ন ক্ষেত্রে পরিবর্তনের মাধ্যমে চেকের জালিয়াতি থেকে গ্রাহক ও ব্যাঙ্কে রক্ষা করার নিমিত্তে চালু করা হয়েছে
- III. ইমেজ ভিত্তিক চেক ট্রান্সেশন সিস্টেম(সিটিএস)-এ নিকাশ করা চেকের ক্ষেত্রেই শুধু প্রযোজ্য হবে। আদায়কারী ব্যাঙ্কের প্রথম থেকেই নিশ্চিত করা উচিত যেন এ ধরনের চেক সিটিএস-এ দেওয়ার জন্য গৃহীত না হয়।
- IV. অন্য যে কোনও নিকাশী ব্যবস্থায় নিকাশ করা চেকের ক্ষেত্রে এটি প্রযোজ্য নয়, যেমন এমআইসিআর নিকাশী, অ-এমআইসিআর নিকাশী, কাউন্টারে (নগদ অর্থপ্রদান হেতু) আদায়কৃত অথবা নিকাশী-কেন্দ্র-ব্যবস্থাপনার বাইরে আদায় করা চেক।
- V. অর্থপ্রদান এবং নিষ্পত্তি ব্যবস্থা আইন, ২০০৭-এর অধীন রিজার্ভ ব্যাঙ্কে অর্পিত বিধিবদ্ধ ক্ষমতা প্রয়োগের ভিত্তিতে জারি করা হয়েছে।

এই প্রস্তাব ডিসেম্বর ১, ২০১০ থেকে কার্যকরী হবে। ব্যাঙ্কগুলিকে জানানো হয়েছে যে তারা যেন উপযুক্ত যন্ত্রসহকারে গ্রাহকদের এ ব্যাপারে শিক্ষিত এবং সচেতন করেন যাতে সমগ্র পদ্ধতিটি সাবলীলভাবে প্রয়োগ করা যায়। আমাদের উল্লিখিত সাকুলারের অন্তর্গত অন্যান্য বিষয়গুলি সম্পর্কে ভারতীয় ব্যাঙ্ক সমিতি / ভারতীয় জাতীয় অর্থপ্রদান নিগম দ্বারা প্রেরিত পত্রাদি মাধ্যমে তারা অবগত হবেন।

আপনার বিশ্বস্ত

(অরুণ পাসরিচা)

মহাপ্রবন্ধক